

সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সেবা)

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)



Dhaka Electric Supply Company Limited
ISO 9001:2015 & ISO 45001:2018 Certified

ক্রঃ নং	বিষয়	স্লাইড নং	ক্রঃ নং	বিষয়	স্লাইড নং
০১	শিরোনাম	1	১১	সামাজিক/ বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ	27-29
০২	ডেসকো'র মিশন ও ভিশন	৪	১২	সেচ সংযোগ	30-32
০৩	বিভিন্ন গ্রাহক শ্রেণীর ভোল্টেজ লেভেল	৫	1৩	বিদ্যমান গ্রাহকের লোড বৃদ্ধি/ হ্রাস	৩3-৩6
০৪	বিভিন্ন সংযোগের ট্যারিফ ও লোড সীমা (কিঃওয়াট/ মেঃওয়াট)	৬-৯	1৪	বিল না পাওয়া	৩7-৩৪
০৫	আবেদনকারীর জন্য বিবিধ জ্ঞাতব্য/ পালনীয় বিষয়	১০-11	1৫	বিল পুনঃমুদ্রন	৩9
০৬	আবাসিক নতুন সংযোগ	12-14	1৬	বিল কম/ বেশী/ ইস্টিমেটেড	40
০৭	বাণিজ্যিক নতুন সংযোগ	১5-17	1৭	বিল পরিশোধ সত্ত্বেও বকেয়া	81
০৯	শিক্ষা প্রতিষ্ঠান / ধর্মীয় প্রতিষ্ঠান / সেবামূলক প্রতিষ্ঠান / হাসপাতাল সংযোগ	২1-২3	১৯	বকেয়া ও অবৈধ হস্তক্ষেপের কারণে বিচ্ছিন্নকৃত সংযোগ পুনঃসংযোগ	85-৫1
১০	নির্মান কাজের জন্য সংযোগ	24-26	2০	গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ	৫2-৫5

সূচিপত্র

ক্রঃ নং	বিষয়	স্লাইড নং	ক্রঃ নং	বিষয়	স্লাইড নং
২১	হিসাব বন্ধ করন	৫৬	২৯	উচ্চচাপ সংযোগ গ্রহণের পূর্বে লোড ছাড়পত্র (250 কিঃওঃ লোডের উর্ধ্বে হলে)	৭২
২২	পোড়া মিটার পরিবর্তন	৫৭-৫৮	৩০	ডিপোজিট স্কীমের আওতায় নতুন (0.4/ 11 কেভি) লাইন নির্মাণ	৭৩
২৩	সার্ভিস ড্রপ পোড়া/ চুরি	৫৯-৬০	৩১	বৈদ্যুতিক বিতরণ লাইন স্থানান্তর	৭৪
২৪	বৈদ্যুতিক হিসাবের নাম পরিবর্তন (এলটি/ এমটি/ আবাসিক/বানিজ্যি)	৬১	৩২	গ্রাহকের অনুরোধে ডিওএফসি, লাইটেনিং অ্যারেস্টার ও চ্যানেল পরিবর্তন/ স্থাপন	৭৫-৮২
২৫	মিটার পরীক্ষাকরণ	৬২-৬৫	৩৩	মিটার রিডিং কার্ড পরিবর্তন	৮৩
২৬	ট্যারিফ পরিবর্তন	৬৬-৬৯	৩৪	স্মার্ট কার্ড পরিবর্তন	৮৪
২৭	অস্থায়ী সংযোগ প্রত্যাহার ও জামানত উত্তোলন	৭০	৩৫	গ্রাহকের কাছে ডেসকো'র প্রত্যাশা	৮৫-৮৬
২৮	বহুতল ভবনের লোড ছাড়পত্র (নির্মাণের পূর্বে)	৭১	৩৬	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা	৮৭

ভিশন ও মিশন

- **রূপকল্প (Vision):** নিরাপদ, নির্ভরযোগ্য ও টেকসই বিদ্যুৎ প্রদানের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ও সামাজিক অগ্রগতিতে সহায়ক হওয়া।
- **অভিলক্ষ (Mission):** গ্রাহকগণের জীবন যাপনে স্বাচ্ছন্দ্য আনয়ন, ব্যবসা-বাণিজ্য খাতে সহায়তা, গ্রাহকগণের নিকট উন্নততর সেবা প্রদান, কর্মক্ষেত্রে দক্ষতা অর্জনসহশক্তিশালী জাতি গঠনে ভূমিকা রাখা এবং ডেসকো'র উপর নির্ভরশীলতার ক্ষেত্রে গ্রাহকগণের আস্থা অর্জন।

বিভিন্ন গ্রাহক শ্রেণীর ভোল্টেজ লেভেল

- নিম্নচাপ (এলটি):

ভোল্টেজ লেভেলঃ 230/400 ভোল্ট, ফ্রিকোয়েন্সিঃ ৫০ সাইকেল/সেকেন্ড

- মধ্যমচাপ (এমটি):

ভোল্টেজ লেভেলঃ 11 কেভি, ফ্রিকোয়েন্সিঃ ৫০ সাইকেল/ সেকেন্ড

- উচ্চচাপ (এইচটি):

ভোল্টেজ লেভেলঃ ৩৩ কেভি, ফ্রিকোয়েন্সিঃ ৫০ সাইকেল/ সেকেন্ড

- অতিউচ্চচাপ (ইএইচটি):

ভোল্টেজ লেভেলঃ ১৩২কেভি, ফ্রিকোয়েন্সিঃ ৫০ সাইকেল/ সেকেন্ড

বিভিন্ন সংযোগের ট্যারিফ ও লোড সীমা (কিঃওয়াট/ মেঃওয়াট)

আবাসিকঃ নিম্নচাপ (এলটি): ট্যারিফ- A, লোড সীমা: ৮০ কিঃওঃ পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT1, লোড সীমা: ৮1 কিঃওঃ হতে ৫ মেঃওঃ পর্যন্ত।
- উচ্চচাপ (এইচটি): ট্যারিফ- HT1, লোড সীমা: ৫ মেঃওঃ এর অব্যবহিত উর্ধ্ব হতে অনুর্ধ্ব ৩০ মেঃওঃ পর্যন্ত।

বাণিজ্যিকঃ নিম্নচাপ (এলটি): ট্যারিফ- E, লোড সীমা: ৮০ কিঃওঃ পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT2, লোড সীমা: ৮1 কিঃওঃ হতে ৫ মেঃওঃ পর্যন্ত।
- উচ্চচাপ (এইচটি): ট্যারিফ- HT2, লোড সীমা: ৫ মেঃওঃ এর অব্যবহিত উর্ধ্ব হতে অনুর্ধ্ব ৩০ মেঃওঃ পর্যন্ত।

শিল্পঃ নিম্নচাপ (এলটি): ট্যারিফ- C1, লোড সীমা: ৮০ কিঃওঃ পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT3, লোড সীমা: ৮1 কিঃওঃ হতে ৫ মেঃওঃ পর্যন্ত।
- উচ্চচাপ (এইচটি): ট্যারিফ- HT3, লোড সীমা: ৫ মেঃওঃ এর অব্যবহিত উর্ধ্ব হতে অনুর্ধ্ব ৩০ মেঃওঃ পর্যন্ত।

বিভিন্ন সংযোগের ট্যারিফ ও লোড সীমা (কিঃওয়াট/ মেঃওয়াট)

শিক্ষা / ধর্মীয় / সেবামূলক প্রতিষ্ঠান / হাসপাতাল

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- D1, লোড সীমা: ৮০ কি:ও: পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT5, লোড সীমা: ৮1 কি:ও: হতে ৫ মে:ও: পর্যন্ত।
- উচ্চচাপ (এইচটি): ট্যারিফ- HT1, লোড সীমা: ৫ মে:ও: এর অব্যবহিত উর্ধ্ব হতে অনূর্ধ্ব ৩০ মে:ও: পর্যন্ত।

নির্মান সংযোগ

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- C2, লোড সীমা: ৮০ কি:ও: পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT4, লোড সীমা: ৮1 কি:ও: হতে ৫ মে:ও: পর্যন্ত।
- উচ্চচাপ (এইচটি): ট্যারিফ- HT4, লোড সীমা: ৫ মে:ও: এর অব্যবহিত উর্ধ্ব হতে অনূর্ধ্ব ৩০ মে:ও: পর্যন্ত।

সামাজিক/ বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ (স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এরং বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ)

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- T, লোড সীমা: ৮০ কি:ও: পর্যন্ত।

মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT6, লোড সীমা: ৮1 কি:ও: হতে ৫ মে:ও: পর্যন্ত।

বিভিন্ন সংযোগের ট্যারিফ ও লোড সীমা (কিঃওয়াট/ মেঃওয়াট)

সেচ ও কৃষিকাজে ব্যবহৃত পাম্পঃ

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- B, লোড সীমা: ৮০ কিঃও: পর্যন্ত।

মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT৪, লোড সীমা: ৮১ কিঃও: হতে ৫ মেঃও: পর্যন্ত।

রাস্তার বাতি ও পানির পাম্পঃ

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- D2, লোড সীমা: ৮০ কিঃও: পর্যন্ত।

ব্যাটারী চার্জিং স্টেশনঃ

নিম্নচাপ (এলটি): ট্যারিফ- D3, লোড সীমা: ৮০ কিঃও: পর্যন্ত।

- মধ্যমচাপ (এমটি): ট্যারিফ- MT7, লোড সীমা: ৮১ কিঃও: হতে ৫ মেঃও: পর্যন্ত।

বিভিন্ন সংযোগের ট্যারিফ ও লোড সীমা (কিঃওয়াট/ মেঃওয়াট)

- অতি উচ্চচাপ (ইএইচটি): ট্যারিফ- EHT1, লোড সীমা: 20 মেঃও: হতে
অনুর্ধ্ব 140 মেঃও: পর্যন্ত |
ট্যারিফ- EHT2, লোড সীমা: 140 মেঃও: এর
উর্ধ্ব |



আবেদনকারীর জন্য বিবিধ জ্ঞাতব্য/ পালনীয় বিষয়

লোড ছাড়পত্র গ্রহনঃ যেকোন ক্যাটাগরীতে ২৫০ কিঃওঃ বা তদুর্ধ্ব লোড চাহিদার ক্ষেত্রে আবেদনকারীকে নতুন সংযোগ আবেদনের পূর্বে প্রয়োজনীয় লোড সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট বিওবি বিভাগে আবেদন করে লোড ছাড়পত্র গ্রহন করতে হবে এবং নতুন সংযোগ আবেদনে **OCSMS** তা আপলোড করতে হবে (বিস্তারিত স্লাইড ৭০ ও স্লাইড ৭১ এ উল্লেখ আছে)।

সোলার প্যানেল স্থাপনঃ কোন একটি হিসাবের বিপরীতে চাহিদাকৃত/ অনুমোদিত লোড ২ কিঃওঃ এর অধিক হলেই নিম্নোক্ত হারে সোলার প্যানেল স্থাপন করে ডিমান্ডনোট পরিশোধের সময় **OCSMS** এ আপলোড করতে হবেঃ

আবাসিকঃ মোট অনুমোদিত লোডের ৩% (লিফট ও পানির পাম্পের লোড ব্যতীত)।

বাণিজ্যিক ও শিল্পঃ ৫০ কিঃওঃ পর্যন্ত লাইট ও ফ্যান লোডের ৭%; ৫০ কিঃওঃ এর উর্ধ্ব লাইট ও ফ্যান লোডের ১০%।

পোশাক শিল্পের জন্যঃ লাইট ও ফ্যান লোডের ৫% (যেকোন লোডের ক্ষেত্রে)।

পাওয়ার ফ্যাক্টর ইমপ্রোভমেন্ট প্যানেল (PFI) স্থাপনঃ সকল শ্রেণীর গ্রাহকগণের ক্ষেত্রে আবেদিত/ প্রাক্কলিত লোড ২০ কিঃওঃ এর উর্ধ্ব হলেই PFI প্যানেল স্থাপন করতে হবে।

আবেদন নিষ্পন্ন বা সেবা সম্পন্ন হিসেবে বিবেচনাঃ গ্রাহক কর্তৃক কর্তৃক অসম্পূর্ণ আবেদন জমা অথবা পরিদর্শনে অসহযোগীতা জনিত কারণে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান সম্ভব না হলে তা তাৎক্ষণিক ইলেক্ট্রনিক মাধ্যমে (ই-মেইল/ এসএমএস/ OCSMS) আবেদনকারীকে অবহিত করা হবে এবং উক্ত আবেদন নিষ্পত্তিকৃত/ সেবা প্রদত্ত হিসেবে বিবেচনা করা হবে



আবেদনকারীর জন্য বিবিধ জ্ঞাতব্য/ পালনীয় বিষয়

2E বা নির্মান মিটারকে স্থায়ী হিসাবে রূপান্তরঃ ফেব্রুয়ারী ২০ এর পূর্বে নির্মান কাজের জন্য যে সকল সংযোগ গ্রহন করা হয়েছিল (2E) সে সকল সংযোগের বিপরীতে অগ্রিম বিল জমা দেয়া ছিল বিধায় উক্ত হিসাব সমূহ কাজ শেষে বন্ধ করে অগ্রিম বিলের পরিশোধিত কপির মূল কপি সহ উত্তোলনের জন্য আবেদন করতে হবে। উক্ত হিসাব অন্য কোন স্থায়ী ট্যারিফে রূপান্তর করার সুযোগ নেই।

C2 বা নির্মান মিটারকে স্থায়ী হিসাবে রূপান্তরঃ ফেব্রুয়ারী ২০ এর পর নির্মান কাজের জন্য যে সকল সংযোগ গ্রহন করা হয়েছিল (C2) সে সকল স্থায়ী ট্যারিফে রূপান্তর করতে হলে ক্যাটাগরি ও শ্রেণীভিত্তিক প্রয়োজ্য প্রক্রিয়া অনুসরণ করে OCSMS এ আবেদন করতে হবে।

সেবা ক্রম নং-০১ আবাসিক নতুন সংযোগ (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।


পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, ওয়্যারিংকৃত লোড, ফ্ল্যাট সাইজ (প্রযোজ্য ক্ষেত্রে), আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষঙ্গিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য অনলাইনে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিমাল্ড নোট জারী ও ২কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য স্থাপিতব্য সোলারের পরিমাণ অবহিত করা।

ঙ) জারীকৃত ডিমাল্ড নোট অনলাইনে পরিশোধ ও ২কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য সোলার স্থাপন রিপোর্ট অনলাইনে সাবমিট এবং প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো স্টোরে মজুত না থাকা সাপেক্ষে- ডিমাল্ডনোটে অবহিত করা হয়)।

চ) সোলার পরিদর্শন শেষে মিটার স্থাপনের জন্য **CMO (Customer Meter Order)** ইস্যু, মিটার সহ **CMO** ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



আবাসিক নতুন সংযোগ

(প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে Submit করতে হবেঃ

ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট।

খ) জমির মালিকানা দলিল/লিজ ডিড/ নামজারী | মূল মালিক জীবিত না থাকলে উত্তরাধিকার সনদ | ভবন ডেভেলাপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নী, ডেভেলাপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), যৌথ মালিকানার অনাপত্তি নামা (প্রযোজ্য ক্ষেত্রে)।

গ) রাজউক/ সিটি কর্পোরেশন / ক্যান্টবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ) এমটি / এইচটি/ ইএইচটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট।

ঙ) বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে ভবনের অগ্নি নির্বাপন সার্টিফিকেট (উপকেন্দ্রের অগ্নি নির্বাপন সার্টিফিকেট OCSMS এ আপলোড করার প্রয়োজন নেই)।

চ) পূর্বের সংযোগ থাকলে শুধু মাত্র পরিশোধিত বিলের/ ডিম্যান্ড নোটের কপি; তবে ভবন নতুনভাবে বর্ধিত/ নির্মাণ করা হলে সে ক্ষেত্রে রাজউক/ সিটি কর্পোরেশন/ ক্যান্টবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান)।

ছ) ডেসকো'র তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়্যারিং সার্টিফিকেট।

জ) আবেদনকারীর e-TIN Certificate।



আবাসিক নতুন সংযোগ

- সেবার মূল্য

- সেবা প্রদানের সময়সীমা

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

সময় সীমা

এলটি সংযোগ - ০৭ কর্মদিবস

এমটি সংযোগ - ১৮ কর্মদিবস

সেবা ক্রম নং-০২ বাণিজ্যিক নতুন সংযোগ (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।


পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, ওয়্যারিংকৃত লোড, আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষ্ঠানিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য অনলাইনে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিমান্ড নোট জারী ও ২কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য স্থাপিতব্য সোলারের পরিমাণ অবহিত করা।

ঙ) জারীকৃত ডিমান্ড নোট অনলাইনে পরিশোধ ও ২কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য সোলার স্থাপন রিপোর্ট অনলাইনে সাবমিট এবং প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো স্টোরে মজুত না থাকা সাপেক্ষে- ডিমান্ডনোটে অবহিত করা হয়)।

চ) সোলার পরিদর্শন শেষে মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার সহ CMO ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



বাণিজ্যিক নতুন সংযোগ (প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে Submit করতে হবেঃ

ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট।

খ) জমির মালিকানা দলিল/লিজ ডিড/ নামজারী। মূল মালিক জীবিত না থাকলে উত্তরাধিকার সনদ। ভবন ডেভেলোপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নী, ডেভেলোপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিষ্ঠানের নামে আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভাড়াটিয়ার নামে আবেদনের ক্ষেত্রে ভাড়াটিয়া ও জমির মালিকের সাথে সম্পাদিত চুক্তিপত্র এবং বকেয়া বিল পরিশোধের বিষয়ে (যদি থাকে) মালিকের অঙ্গীকারনামা।

গ) রাজউক/ সিটি কর্পোরেশন / ক্যান্টবোর্ড এর অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে)।


ঘ) এমটি/ এইচটি/ ইএইচটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট।

ঙ) ভবনের ক্ষেত্রে ভবনের অগ্নি নির্বাপন সার্টিফিকেট (উপকেন্দ্রের অগ্নি নির্বাপন সার্টিফিকেট OCSMS এ আপলোড করার প্রয়োজন নেই)।

চ) পূর্বের সংযোগ থাকলে শুধু মাত্র পরিশোধিত বিলের/ ডিমান্ড নোটের কপি; তবে ভবন নতুনভাবে বর্ধিত/ নির্মাণ করা হলে সে ক্ষেত্রে রাজউক/ সিটি কর্পোরেশন/ ক্যান্টবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান)।

ছ) ডেসকো'র তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়্যারিং সার্টিফিকেট।

জ) আবেদনকারীর e-TIN Certificate।



বাণিজ্যিক নতুন সংযোগ

- সেবার মূল্য

- সেবা প্রদানের সময়সীমা

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

সময় সীমা

এলটি সংযোগ - ০৭ কর্মদিবস

এমটি সংযোগ - ১৮ কর্মদিবস

এমটি (ওয়্যারহাউজ) - ০৭ কর্মদিবস

সেবা ক্রম নং-০৩ শিল্প সংযোগ

(সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।


পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, ওয়্যারিংকৃত লোড, আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষঙ্গিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য অনলাইনে যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিমাল্ড নোট জারী ও ২কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য স্থাপিতব্য সোলারের পরিমাণ অবহিত করা।

ঙ) পরিশোধিত ডিমাল্ড নোট অনলাইনে পরিশোধ ও ৩ কিঃওঃ এর অধিক লোডে প্রতিটি হিসাবের জন্য সোলার স্থাপন রিপোর্ট অনলাইনে সাবমিট এবং প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো ষ্টকে না থাকা সাপেক্ষে- ডিমাল্ডনোটে অবহিত করা হয়)।

চ) সোলার পরিদর্শন শেষে মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার সহ CMO ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



শিল্প সংযোগ (প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে Submit করতে হবেঃ

ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট।

খ) জমির মালিকানা দলিল/লিজ ডিড/ নামজারী। মূল মালিক জীবিত না থাকলে উত্তরাধিকার সনদ। ভবন ডেভলপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নীর, ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), যৌথ মালিকানার অনাপত্তিনামা (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিষ্ঠানের নামে আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভাড়াটিয়ার নামে আবেদনের ক্ষেত্রে ভাড়াটিয়া ও জমির মালিকের সাথে সম্পাদিত চুক্তিপত্র এবং বকেয়া বিল পরিশোধের বিষয়ে মালিকের অঙ্গীকারনামা, ক্ষুদ্র ও কুটির শিল্পের নিবন্ধন (ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে)।

গ) রাজউক/ সিটি কর্পোরেশন / ক্যান্টনবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ) এমটি/ এইচটি/ ইএইচটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট।

ঙ) ৫০ কি:ও: এর অধিক লোডে আবেদনের ক্ষেত্রে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত স্থাপনার অগ্নি নির্বাপন সার্টিফিকেট (উপকেন্দ্রের অগ্নি নির্বাপন সার্টিফিকেট OCSMS এ আপলোড করার প্রয়োজন নেই)।


চ) যৌথ মালিকানার ক্ষেত্রে আবেদনকারীর কর্তৃক সংযোগ গ্রহণকারী অন্য অংশীদারগণ এর নিকট হতে স্বাক্ষরিত অনাপত্তি পত্র (স্বাক্ষরকারী প্রত্যেকের NID কপি আপলোড করতে হবে)।

ছ) পূর্বের সংযোগ থাকলে শুধু মাত্র পরিশোধিত বিলের/ ডিম্যান্ড নোটের কপি; তবে ভবন নতুনভাবে বর্ধিত/ নির্মান করা হলে সে ক্ষেত্রে রাজউক/ সিটি কর্পোরেশন/ ক্যান্টনবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান।

জ) একই স্থানে পূর্বের সকল হিসাবের (যদি থাকে) সমূদয় বকেয়া পরিশোধ করতে হবে।

ঝ) ডেসকো'র তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়ারিং সার্টিফিকেট।

ঞ) আবেদনকারীর e-TIN Certificate /



শিল্প সংযোগ

- সেবার মূল্য

- সেবা প্রদানের সময়সীমা

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

সময় সীমা

এলটি সংযোগ - ০৭ কর্মদিবস

এমটি সংযোগ - ১৮ কর্মদিবস

সেবা ক্রমনং-০৪ শিক্ষা প্রতিষ্ঠান/ ধর্মীয় প্রতিষ্ঠান/ সেবামূলক প্রতিষ্ঠান/ হাসপাতাল সংযোগ (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।

পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, ওয়্যারিংকৃত লোড, আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষঙ্গিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিম্যান্ড নোট জারী।

ঙ) জারীকৃত ডিম্যান্ড নোট অনলাইনে পরিশোধ ও প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো ষ্টকে না থাকা সাপেক্ষে- ডিম্যান্ডনোটে অবহিত করা হয়)।

চ) মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার ও CMO সহ ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



শিক্ষা প্রতিষ্ঠান / ধর্মীয় প্রতিষ্ঠান / সেবামূলক প্রতিষ্ঠান / হাসপাতাল (প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে Submit করতে হবেঃ

ক) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে আবেদন, আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট।

খ) জমির মালিকানা দলিল/ লিজ ডিড/ নামজারী এর কপি এবং ভাড়াটিয়ার নামে আবেদনের ক্ষেত্রে জমির মালিকের সাথে সম্পাদিত চুক্তিপত্র এবং বকেয়া বিল পরিশোধের বিষয়ে মালিকের অঙ্গীকারনামা)।

গ) রাজউক/ সিটি কর্পোরেশন/ ক্যান্টনবোর্ড এর অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ) এমটি/ এইচটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট।

ঙ) বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে ভবনের অগ্নি নির্বাপন সার্টিফিকেট (উপকেন্দ্রের অগ্নি নির্বাপন সার্টিফিকেট OCSMS এ আপলোড করার প্রয়োজন নেই)।

চ) পূর্বের সংযোগ থাকলে শুধু মাত্র পরিশোধিত বিলের/ ডিম্যান্ড নোট; তবে ভবন নতুনভাবে বর্ধিত/ নির্মান করা হলে সে ক্ষেত্রে রাজউক/ সিটি কর্পোরেশন/ ক্যান্টনবোর্ড অনুমোদিত বিল্ডিং প্ল্যান)।

ছ) একই স্থানে পূর্বের সকল হিসাবের (যদি থাকে) সমূদয় বকেয়া পরিশোধ করতে হবে।

জ) ডেসকো'র তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ওয়্যারিং সার্টিফিকেট।

ঝ) **আবেদনকারীর e-TIN Certificate /**



শিক্ষা প্রতিষ্ঠান / ধর্মীয় প্রতিষ্ঠান / সেবামূলক প্রতিষ্ঠান / হাসপাতাল

- সেবার মূল্য

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

- সেবা প্রদানের সময়সীমা

সময় সীমা

এলটি সংযোগ - ০৭ কর্মদিবস

এমটি সংযোগ - ১৮ কর্মদিবস

সেবা ক্রম নং-০৫ নির্মান কাজের জন্য সংযোগ (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।

পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, ওয়্যারিংকৃত লোড, আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি-4) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষঙ্গিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য অনলাইনে জমাকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ

ঘ) অনলাইনে ডিম্যান্ড নোট জারী।

ঙ) জারীকৃত ডিম্যান্ড নোট অনলাইনে পরিশোধ ও প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো স্টোরে মজুত না থাকা সাপেক্ষে- ডিম্যান্ডনোটে অবহিত করা হয়)।

চ) মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার ও CMO ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



নির্মান কাজের জন্য সংযোগ (প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে Submit করতে হবেঃ

ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট
খ) জমির মালিকানা দলিল/লিজ ডিড/ নামজারী। মূল মালিক জীবিত না থাকলে উত্তরাধিকার সনদ। ভবন ডেভেলপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নী, ডেভেলপারের সাথে সম্পাদিত চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), যৌথ মালিকানার অনাপত্তিমা (প্রযোজ্য ক্ষেত্রে)।



গ) রাজউক/ সিটি কর্পোরেশন/ক্যান্টনবোর্ড এর অনুমোদিত বিল্ডিং প্ল্যান (ভবন নির্মানের ক্ষেত্রে), হোল্ডিং নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে)।

ঘ) এমটি/ এইচটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সাটিফিকেট।

চ) একই স্থানে পূর্বের সকল হিসাবের (যদি থাকে) সমূদয় বকেয়া পরিশোধ করতে হবে।

ছ) আবেদনকারীর e-TIN Certificate /

নির্মান কাজের জন্য সংযোগ

- সেবার মূল্য

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

- সেবা প্রদানের সময়সীমা

সময় সীমা

এলটি সংযোগ - ০৭ কর্মদিবস

এমটি সংযোগ - ১৮ কর্মদিবস

সামাজিক/ বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ (স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এরং বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ) (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।


পরিদর্শনের বিষয়ঃ চাহিদাকৃত লোড, আর্থিং, সার্ভিস ড্রপের দৈর্ঘ্য ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষঙ্গিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিম্যান্ড নোট জারী।

ঙ) জারীকৃত ডিম্যান্ড নোট অনলাইনে পরিশোধ ও প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো স্টোরে মজুত না থাকা সাপেক্ষে- ডিম্যান্ডনোটে অবহিত করা হয়)।

চ) মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার ও CMO ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।




সেবা ক্রম নং-০৬ সামাজিক/ বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ (স্বল্পস্থায়ী
সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ)
(প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID

(নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট
সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে
Submit করতে হবেঃ

- ক) জাতীয় পরিচয় পত্র (প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত ব্যক্তির), আবেদনকারীর
পাসপোর্ট সাইজের ছবি।
- খ) জমির মালিকানা দলিল/ লিজ ডিড/ নামজারী এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে),
যৌথ মালিকানার অনাপত্তি নামা (প্রযোজ্য ক্ষেত্রে)।
- গ) সামাজিক/ বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।
- ঘ) এমটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইলেন্সিং বোর্ডের সার্টিফিকেট ও
মিটাররুমের লে-আউট প্ল্যান।



সামাজিক / বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ (স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এরং বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য অস্থায়ী সংযোগ)

- সেবার মূল্য

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

- সেবা প্রদানের সময়সীমা

সময় সীমা

এলটি সংযোগ - ০৫ কর্মদিবস

এমটি সংযোগ - ১০ কর্মদিবস

সেবা ক্রমনং-০৭ সেচ সংযোগ (সেবা প্রদান পদ্ধতি)

ক) <http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় আবেদনকারীর মোবাইল নম্বর ও জাতীয় পরিচয় পত্রের নম্বর ব্যবহার করে নিবন্ধন। পূর্বে নিবন্ধন করা থাকলে User ID (নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে প্রয়োজনীয় তথ্যাদি সহ অনলাইনে আবেদন জমা প্রদান।

খ) মাঠ পর্যায়ে পরিদর্শন ও অনলাইনে প্রতিবেদন দাখিল।

পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিং, মটর লোড, সার্ভিস দুরত্ব ও সংশ্লিষ্ট ট্রান্সফরমারের লোড। মধ্যমচাপ (এমটি) আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপকেন্দ্র ও ফিডারের লোড, উপকেন্দ্র ও পোলে ক্যাবল উত্তোলন সহ আনুষ্ঠানিক বিষয়াদি।

গ) লোড অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

ঘ) অনলাইনে ডিম্যান্ড নোট জারী।

ঙ) জারীকৃত ডিম্যান্ড নোট অনলাইনে পরিশোধ ও প্রয়োজনে মিটার জমাদান (ডেসকো ষ্টকে না থাকা সাপেক্ষে- ডিম্যান্ডনোটে অবহিত করা হয়)।

চ) মিটার স্থাপনের জন্য CMO (Customer Meter Order) ইস্যু, মিটার ও CMO ঠিকাদারের নিকট হস্তান্তর ও সংযোগ প্রদান।



সেচ সংযোগ (প্রয়োজনীয় কাগজপত্র)

<http://ocsms.desco.org.bd:8080/login> ঠিকানায় User ID
(নিবন্ধিত মোবাইল নম্বর) ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করে নিম্নোক্ত ডকুমেন্ট
সমূহ স্ক্যান করে আপলোড করে যথাযথভাবে পূরণকৃত আবেদন অনলাইনে
Submit করতে হবেঃ

- ক) ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট
(প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত ব্যক্তির) ।
- খ) সেচ কমিটির অনুমোদনপত্র ।
- ঘ) এমটি সংযোগের ক্ষেত্রে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ডের সার্টিফিকেট ও
মিটাররুমের লে-আউট প্ল্যান।



সেচ সংযোগ

- সেবার মূল্য

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত টাকা

পরিশোধ পদ্ধতি: OCSMS এ e-payment

- সেবা প্রদানের সময়সীমা

সময়সীমা

সর্বোচ্চ ০৭ (সাত) কর্মদিবস

সেবা ক্রমনং-০৮ বিদ্যমান গ্রাহকের লোড বৃদ্ধি (সেবা প্রদান পদ্ধতি)

- ক) সকল শর্তাদি ও তথ্যাদিসহ এক অবস্থান সেবা কেন্দ্রে লিখিত আবেদন জমা প্রদান।
- খ) অসম্পূর্ণ আবেদনের বিষয়ে আবেদনকারীকে তাৎক্ষণিক অবহিত করণ/ মাঠ পর্যায়ে পরিদর্শন ও প্রতিবেদন দাখিল।
- গ) পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিংকৃত/ সংযোজিত লোড।
- ঘ) পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী লোড প্রস্তাব অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

গ্রাহক ক্যাটাগরী/ শ্রেণী পরিবর্তন হলে অর্থাৎ এলটি হতে এমটি বা এইচটি অথবা বিপরীত হলে OCSMS এর মাধ্যমে আবেদন করতে হবে।



বিদ্যমান গ্রাহকের লোড বৃদ্ধি (প্রয়োজনীয় কাগজপত্র)

- ক) জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট এর ফটোকপি ও ১ কপি পাসপোর্ট
সাইজ ছবি এক অবস্থানে সেবা কেন্দ্রে লিখিত আবেদন।
- খ) যৌথ মালিকানার ক্ষেত্রে "অন্যান্য মালিকগণের স্বপক্ষে আবেদনকারী কর্তৃক
স্বাক্ষরিত অনাপত্তি নামা।"

সময়সীমা

৭ (সাত) কর্ম দিবস

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত
টাকা



সেবা ক্রম নং-০৯ বিদ্যমান গ্রাহকের লোড হ্রাস (সেবা প্রদান পদ্ধতি)

- ক) সকল শর্তাদি ও তথ্যাদিসহ এক অবস্থান সেবা কেন্দ্রে লিখিত আবেদন জমা প্রদান।
- খ) অসম্পূর্ণ আবেদনের বিষয়ে আবেদনকারীকে তাৎক্ষণিক অবহিত করণ/ মাঠ পর্যায়ে পরিদর্শন ও প্রতিবেদন দাখিল।
- গ) পরিদর্শনের বিষয়ঃ ওয়্যারিংকৃত/ সংযোজিত লোড।
- ঘ) পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী লোড প্রস্তাব অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

গ্রাহক ক্যাটাগরী/ শ্রেণী পরিবর্তন হলে অর্থাৎ এলটি হতে এমটি/ এইচটি অথবা বিপরীত হলে OCSMS এর মাধ্যমে ক্যাটাগরী ও শ্রেণী অনুযায়ী প্রয়োজ্য সকল ডকুমেন্ট সহ আবেদন করতে হবে।



বিদ্যমান গ্রাহকের লোড হ্রাস (প্রয়োজনীয় কাগজপত্র)

- ক) জাতীয় পরিচয় পত্র/ পাসপোর্ট এর ফটোকপি ও ১ কপি পাসপোর্ট
সাইজ ছবি এক অবস্থানে সেবা কেন্দ্রে লিখিত আবেদন।
- খ) যৌথ মালিকানার ক্ষেত্রে "অন্যান্য মালিকগণের স্বপক্ষে আবেদনকারী
কর্তৃক স্বাক্ষরিত অনাপত্তি নামা।"



সময়সীমা

৭ (সাত) কর্ম দিবস

সেবা মূল্য

ডিমান্ড নোটে উল্লিখিত
টাকা

সেবা ক্রমনং-১০ বিল না পাওয়া (নতুন হিসাবের ক্ষেত্রে)

• সেবা প্রদান পদ্ধতি –

- মিটার রিডিং বই এর রিডিং অনুযায়ী তাৎক্ষণিক বিল তৈরী করে দেয়া আর না থাকলে স্থাপনা হতে মিটার রিডিং সংগ্রহ করে বিল প্রস্তুত করা।
- সর্বশেষ ২৪ মাসের মধ্যে অপরিশোধিত বিদ্যুৎ বিল <https://www.desco.org.bd/ebill/login.php> ঠিকানা হতে গ্রাহক নিজেই প্রিন্ট করে নিতে পারবেন।
- প্রস্তুতকৃত বিল গ্রাহককে তাৎক্ষণিক হস্তান্তর করা/ গ্রাহকের ঠিকানায় পৌঁছে দেয়া।

• প্রয়োজনীয় কাগজপত্র –


- ক) ডিমান্ড নোট/ সিএমও এর কপি বিওবি বিভাগের ই-মেইলে প্রেরন অথবা ডিমান্ড নোট/ CMO (Customer Meter Order) এর কপি সহ বিওবি বিভাগের OPS (One Point Service) এ অবহিত করন।

সময়সীমা

সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবস

সেবা মূল্য

বিনামূল্যে



সেবা ক্রমনং-১১ বিল না পাওয়া (পুরাতন হিসাবের ক্ষেত্রে)

• সেবা প্রদান পদ্ধতি –

- গ্রাহক কর্তৃক টেলিফোন/ মোবাইল অথবা ই-মেইলে হিসাব নম্বর অফিসকে অবহিত করার ১ দিনের মধ্যে বিল প্রিন্ট করে স্থাপনায় পৌঁছানো হবে।
- সংশ্লিষ্ট হিসাব নম্বর/ বিল কপি সহ OPS (One Point Service) এ অবহিত করলে তাৎক্ষণিক বিল প্রিন্ট করে হস্তান্তর করা হবে।

• প্রয়োজনীয় কাগজপত্র –

- কোন ডকুমেন্টস প্রয়োজন নেই।



সময়সীমা

১ (এক) কর্ম দিবস

সেবা মূল্য

বিনামূল্যে

সেবা ক্রমনং-১২ বিল পুনঃমুদ্রন

• সেবা প্রদান পদ্ধতি –

- সংশ্লিষ্ট হিসাব নম্বর দিয়ে সর্বোচ্চ ২৪ মাস পর্যন্ত বিলের কপি সরাসরি <https://www.desco.org.bd/ebill/login.php> থেকে প্রিন্ট করে নিতে পারেন।
- অথবা গ্রাহক কর্তৃক টেলিফোন/ মোবাইল অথবা ই-মেইলে হিসাব নম্বর ও সংশ্লিষ্ট মাসের নাম OPS (One Point Service) এ অবহিত করার ১ দিনের মধ্যে বিল প্রিন্ট করে স্থাপনায় পৌঁছানো হবে।
- অথবা OPS (One Point Service) এ অবহিত করলে তাৎক্ষণিক আবেদিত মাসের বিল রি-প্রিন্ট করে হস্তান্তর করা হবে।

• প্রয়োজনীয় কাগজপত্র –

- কোন ডকুমেন্টস প্রয়োজন নেই।

সময়সীমা

১ (এক) কর্ম দিবস

সেবা মূল্য

বিনামূল্যে



সেবা ক্রমনং-১৩ বিল কম/ বেশী/ ইস্টিমেটেড

• সেবা প্রদান পদ্ধতি –

- স্থাপনা হতে মিটার রিডিং গ্রহণ ও প্রয়োজনে মিটার পরীক্ষাকরণ
- সংশোধনের প্রস্তাব অনুমোদন (যদি প্রয়োজন হয়)
- বিল প্রস্তুত ও বিল গ্রাহককে হস্তান্তর

• প্রয়োজনীয় কাগজপত্র –

- গ্রাহক কর্তৃক টেলিফোন/ মোবাইল অথবা ইমেইলে হিসাব নম্বর ও সংশ্লিষ্ট মাসের নাম OPS (One Point Service) এ অবহিত করা
- অথবা সরাসরি OPS (One Point Service) এ অবহিত করা



সময়সীমা

৩ (তিন) কর্ম দিবস

সেবা মূল্য

বিনামূল্যে


সেবা ক্রমনং-১৪ বিল পরিশোধ সত্ত্বেও বকেয়া তালিকায় খেলাপি দেখানো

• সেবা প্রদান পদ্ধতি –

- গ্রাহক কর্তৃক টেলিফোনে/ মোবাইল অথবা ই-মেইলে পরিশোধিত বিল কপি সহ অফিসকে অবহিত করন অথবা সরাসরি OPS (One Point Service) এ অবহিত করন।
- বিলের কপি ও ব্যাংক কালেকশন সেটমেন্ট যাচাই।
- সফটওয়্যারে আপডেট করে গ্রাহককে অবহিত করন।

• প্রয়োজনীয় কাগজপত্র –

- কোন ডকুমেন্ট প্রয়োজন নেই।



সময়সীমা
৩ (তিন) কর্ম দিবস

সেবা মূল্য
_ বিনামূল্যে

সেবা ক্রম নং-১৫ বিল পরিশোধের প্রত্যায়ন পত্র

• সেবা প্রদান পদ্ধতি –

➤ গ্রাহক সরাসরি

<http://ocsms.desco.org.bd:8080/postpaid/certificate/report> লিংক হতে কাঙ্ক্ষিত হিসাব নম্বরের প্রত্যায়ন পত্র প্রিন্ট করতে পারেন।

➤ অথবা গ্রাহক কর্তৃক টেলিফোনে/ মোবাইল অথবা ই-মেইলে অফিসকে অবহিত করলে ১দিনের মধ্যে প্রত্যায়ন পত্র পৌঁছে দেয়া হবে।

➤ অথবা সংশ্লিষ্ট হিসাব নম্বর/ বিল কপি সহ OPS (One Point Service) এ অবহিত করন।

➤ গ্রাহকের বিল বকেয়া অথবা অন্য কোন সমস্যা থাকলে তা তাৎক্ষণিক অবহিত করা হবে।

➤ সমস্যা সমাধানের পর প্রত্যায়ন পত্র ইস্যু ও হস্তান্তর

• প্রয়োজনীয় কাগজপত্র –

➤ কোন ডকুমেন্টস প্রয়োজন নেই।



সময়সীমা

সর্বোচ্চ ৩ (তিন) কর্ম
দিবস

সেবা মূল্য

বিনামূল্যে

সেবা ক্রমনং-১৬ সুনির্দিষ্ট সময়ের প্রত্যয়ন পত্র

• সেবা প্রদান পদ্ধতি –

- গ্রাহক কর্তৃক টেলিফোনে/ মোবাইল অথবা ইমেইলে অফিসকে অবহিত করলে ১দিনের মধ্যে প্রত্যয়ন পত্র পৌঁছে দেয়া হবে।
- অথবা সংশ্লিষ্ট হিসাব নম্বর/ বিল কপি সহ OPS (One Point Service) এ অবহিত করন।
- গ্রাহকের বিল বকেয়া অথবা অন্য কোন সমস্যা থাকলে তা তাৎক্ষণিক অবহিত করা হবে।
- সমস্যা সমাধানের পর প্রত্যয়ন পত্র ইস্যু ও হস্তান্তর।

• প্রয়োজনীয় কাগজপত্র –

- কোন ডকুমেন্টস প্রয়োজন নেই।

সময়সীমা

সর্বোচ্চ ৩ (তিন) কর্ম
দিবস

সেবা মূল্য

বিনামূল্যে



সেবা ক্রম নং-১৭ বকেয়া তথ্য অবহিত করণ ও নির্দিষ্ট তারিখের মধ্যে বিল পরিশোধের তাগাদা বার্তা

- ক্ষেত্রবিশেষে বকেয়া তথ্য উল্লেখসহ ১০ (দশ) দিন সময়ের মধ্যে পরিশোধের তারিখ দিয়ে নোটিশ প্রেরণ করা হবে।
- ক্ষেত্রবিশেষে নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধের তারিখ দিয়ে বকেয়া তথ্য সহ খুদে বার্তা প্রেরণ করা হবে।
- ক্ষেত্রবিশেষে অনিয়মিত বিল পরিশোধকারী গ্রাহকগণকে বিল পরিশোধের নির্ধারিত তারিখের ১০ (দশ) দিন পূর্বে নির্দিষ্ট তারিখের মধ্যে পরিশোধের তাগাদা জানিয়ে খুদে বার্তা দেয়া হবে।

সেবা ক্রমনং-১৮ বকেয়ার কারণে বিচ্ছিন্নকৃত সংযোগ পুনঃসংযোগ (এলটি)

